

গাছ বিক্রয়ের বিজ্ঞপ্তি নং ০৫/২০২২-২৩।

স্মারক নং জেপদি/এক -০৭(ছ)/২০২২-২৩/ ১৩৩১

তারিখ: ২১/০৩/২০২৩ খ্রি:।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ জেলা পরিষদের অধীন নিম্নবর্ণিত গাছ বিক্রয়ের উদ্দেশ্যে দরপত্র আহবান করা যাচ্ছে।


“দরপত্রের সময়সূচী”

দরপত্র ডাকের দফা	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান	দরপত্র ক্রয় ও দাখিলের স্থান
১ম দফা	২৮/০৩/২০২৩ খ্রি: বেলা ৩.০০টা	২৯/০৩/২০২৩ খ্রি: দুপুর ১২.৩০ মি:	২৯/০৩/২০২৩ খ্রি: বেলা ৩.০০ ঘটিকা। জেলা পরিষদ, দিনাজপুর।	জেলা পরিষদ, দিনাজপুর/ জেলা প্রশাসকের কার্যালয় দিনাজপুর/ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার,, দিনাজপুর।
২য় দফা	০৯/০৪/২০২৩ খ্রি: বেলা ৩.০০টা	১০/০৪/২০২৩ খ্রি: দুপুর ১২.৩০ মি:	১০/০৪/২০২৩ খ্রি: বেলা ৩.০০ ঘটিকা। জেলা পরিষদ, দিনাজপুর।	
৩য় দফা	১৭/০৪/২০২২ খ্রি: বেলা ৩.০০টা	১৮/০৪/২০২৩ খ্রি: দুপুর ১২.৩০ মি:	১৮/০৪/২০২৩ খ্রি: বেলা ৩.০০ ঘটিকা। জেলা পরিষদ, দিনাজপুর।	

ক্রম নং	গাছের বিবরণ	সিডিউল মূল্য
১	দিনাজপুর জেলা পরিষদ অফিস চত্বরে ১টি রেইন্ট্রি গাছের ২৪ টুকরা কাঠ।	৩০০/-
২	জেলা পরিষদের মালিকানাধীন দিনাজপুর খানসামা ডাকবাংলো চত্বরে পতিত অবস্থায় ১টি আকাশমনি গাছ।	৩০০/-

শর্তাবলী:

- ১। দরপত্রের সাথে দরপত্রদাতার ১(এক) কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি সংযুক্তসহ গাছের প্রদত্ত দরের ২৫% বিডি (ফেরতযোগ্য) “প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর” এর অনুকূলে দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ২। নির্ধারিত তারিখে দাখিলের জন্য বিক্রিত সিডিউল পরবর্তী দফার ক্ষেত্রে পুন: ব্যবহারযোগ্য হবে না। ১ম দফার দরপত্র সন্তোষজনক দর পাওয়া না গেলে একইভাবে পর্যায়ক্রমে ২য় ও ৩য় দফার দরপত্র আহবানের কার্যক্রম চলমান থাকবে।
- ৩। দরপত্র অনুমোদনের ৭(সাত) দিনের মধ্যে প্রদত্ত দরের সমুদয় অর্থ জমাসহ শতকরা ১০% উৎসকর ও ৭.৫% ভ্যাট চালানোর মাধ্যমে ব্যাংকে জমা করতে হবে এবং পরবর্তীতে সরকার কর্তৃক জারীকৃত হাল সন নাগাদ পর্যন্ত আয়কর ও ভ্যাট একসাথে পরিশোধ করতে বাধ্য থাকবেন।
- ৪। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হলে প্রদত্ত দরের টাকা জমা প্রদানের সময় জামানত বাবদ ১৫% বিডি জমা করতে হবে, যা পরবর্তীতে ফেরতযোগ্য।
- ৫। দরপত্রদাতা দরপত্র দাখিলের পূর্বে অবশ্যই গাছ দেখে নিবেন। দরপত্র দাখিলের পর গাছ কম/নষ্টের অযুহাতে প্রত্যাহার করা যাবে না। দাখিলকৃত দরপত্র প্রত্যাহার করলে অথবা দরপত্র গৃহীত হওয়ার পর সংশ্লিষ্ট লটের গাছ/কাঠ মরা, পঁচা, বা অন্য কোন ওজর আপত্তি উপস্থাপনপূর্বক লটের মূল্য পরিশোধ পত্র গ্রহণ করতে অস্বীকৃতি জানালে তার বায়নার টাকা সরকারী খাতে বাজেয়াপ্ত করা হবে। এতে দরপত্রদাতার কোন দাবী গ্রহণযোগ্য হবে না।
- ৬। গাছ দেখে দরপত্র দাখিল করতে হবে। পরবর্তী সময়ে কোন আপত্তি করা যাবে না এবং তা গ্রহণযোগ্য হবে না।
- ৭। গাছ অপসারণের সময় বিদ্যমান স্থাপনা কিংবা কারো কোন প্রকার ক্ষতি হলে দরপত্রদাতা তাঁর নিজ দায়িত্বে তা মিটিয়ে/সমস্যা সমাধান করবেন।
- ৮। দর উল্লেখের ক্ষেত্রে ‘কাটাকাটি, ঘষামাজা’ চলবে না। সংশোধনের জন্য একটানে কেটে সংশোধন পূর্বক স্বাক্ষর করতে হবে। দরপত্রের সকল পৃষ্ঠায় দরদাতাকে স্বাক্ষর করতে হবে।
- ৯। দরপত্র দাতা কোন শর্ত আরোপ করতে পারবেন না।
- ১০। ১ম ও ২য় সর্বোচ্চ দরদাতার বিডি দরপত্র সম্পূর্ণ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তের পর এবং অন্যান্য দরদাতাদের বিডি পরবর্তী ধাপ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের ৩(তিন) দিন পর ফেরত প্রদান করা হবে।
- ১১। বনজন্ম পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০১১ অনুসারে গাছ অপসারণের সময় স্থানান্তর/পরিবহনের জন্য বন বিভাগের নিকট থেকে চলাচল পাশ(টিপি) গ্রহণ করতে হবে।
- ১২। কর্তৃপক্ষ কোন কারণ না দর্শিয়ে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলে ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোঃ জয়শুল আবেদীন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)
জেলা পরিষদ, দিনাজপুর।
ফোন: ০২৫৮৯৯২৩৩৮২

ই-মেইল: zpdinajpur@lgd.gov.bd


১৩/৩/২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ১। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ২। পুলিশ সুপার, দিনাজপুর।
- ৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। বিজ্ঞপ্তি জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদানসহ নোটিশে বর্ণিত উক্ত তারিখ ও সময়ে দরপত্র বাস্তব স্থাপন পূর্বক দরপত্র গ্রহণ, সিডিউল বিক্রয়ের অর্থ ও অবিক্রিত সিডিউল বেলা ৫.০০ ঘটিকার মধ্যে এ পরিষদে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, দিনাজপুর।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,দিনাজপুর।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার,দিনাজপুর। বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে প্রদানসহ নোটিশে বর্ণিত উক্ত তারিখ ও সময়ে দরপত্র বাস্তব স্থাপন পূর্বক দরপত্র গ্রহণ, সিডিউল বিক্রয়ের অর্থ ও অবিক্রিত সিডিউল বেলা ৫.০০ ঘটিকার মধ্যে এ পরিষদে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ/ এলজিইডি/ জনস্বাস্থ প্রকৌশলী অধিদপ্তর, দিনাজপুর।
- ৮। মেয়র,পৌরসভা, দিনাজপুর।
- ৯। সদস্য/ সংরক্ষিত আসনের সদস্য, ওয়ার্ড, জেলা পরিষদ, দিনাজপুর।
- ১০। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, দিনাজপুর।
- ১১। ইউপি চেয়ারম্যান,দিনাজপুর।
- ১২। নোটিশ নোর্ড/ ওয়েব সাইট।
- ১৩। অধিস কপি।